46

তারিখ ... 28 JUL 1994 ...
পৃষ্ঠা ১২ কলাম ৭

দৈনিক বাংলা

# কুষ্টিয়া জেলায় এখনও ১ লাখ শিশু–কিশোর স্কুলে যাচ্ছে না

নিজস্ব সংবাদদাতা ঃ কুষ্টিয়া।– দেশে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু করার পর স্কুলে ছাত্রছাত্রীর সংখ্যা বেড়েছে। এরপরও কুষ্টিয়া জেলায় প্রায় ১ লাখ শিশু–কিশোর প্রাথমিক শিক্ষার সুযোগ গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। বিদ্যালয়ে ভর্তির পর শতকরা ২৫ ভাগ শিশু দারিদ্র্যের কারণে স্কুল ছেড়ে দেয়। তবে খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীতে এর ব্যতিক্রম লক্ষ্য করা গেছে।

এক সূত্রে জানা যায়, কুষ্টিয়া জেলাতে শিক্ষা লাভের যোগ্য শিশুর সংখ্যা প্রায় ৩ লাখ। এখন স্কুলে যায় প্রায় ২ লাখ। বাকি ১ লাখ শিশু –কিশোর বিদ্যালয়ে যাবার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

কুষ্টিয়া জেলা সদর, কুমারখালী, খোকসা, ভেড়ামারা, মিরপুর ও দৌলতপুর থানার বিদ্যালয়গুলোতে গত জানুয়ারী মাসে যে সংখ্যক শিশু ভর্তি হয়েছে তার মধ্যে এখন ৭৫ ভাগ ছাত্র–ছাত্রী নিয়মিত ক্লাস করছে। অবশিষ্ট ২৫ ভাগ শিশু ২/১ মাস বই নিয়ে বিদ্যালয়ে যাওয়া–আসার পর দারিদ্র্য ও সচেতনতার অভাবে এবং পিতামাতার অনুৎসাহের কারণে বিদ্যালয়ে যাচ্ছে না।

এসব শিশুরা পিতামাতার কাজে সহ–যোগিতা করা ছাড়াও রাখাল, জুতা পালিশ, হোটেলের বয়, তামাক, বিড়ি ও আইসক্রীম ফ্যাক্টরী, স্টীল ফার্নিচারের দোকান ও বাসা–বাড়িতে কাজ করছে।